



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/20/2021

গভর্নর ক্যাথি হোচুল

SNAP গ্রহীতাদের জন্য ঘূর্ণিঝড় আইডার সময়ে নষ্ট হয়ে যাওয়া খাবার প্রতিস্থাপনের জন্য সাহায্যের ব্যবস্থা রয়েছে বলে গভর্নর হোচুলের ঘোষণা

নিউ ইয়র্ক সিটি, নাসাউ, সাফোক, ও ওয়েস্টচেস্টার কাউন্টির বাসিন্দারা প্রতিস্থাপন সুবিধা পাওয়ার যোগ্য

এসব কমিউনিটির SNAP গ্রহীতারা বেনিফিট ব্যবহার করে প্রস্তুতকৃত খাবার ক্রয় করার সাময়িক অনুমতি রয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড ও ওয়েস্টচেস্টারের সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP) গ্রহীতাদের ঘূর্ণিঝড় আইডার কারণে সৃষ্ট বিদ্যুৎ বিভ্রাট ও বন্যার ফলে নষ্ট হয়ে যাওয়া খাবার প্রতিস্থাপনে সাহায্য করার জন্য সহায়তার ব্যবস্থা রয়েছে। সেইসাথে, এসব কমিউনিটির বাসিন্দারা গরম ও প্রস্তুতকৃত খাবার ক্রয় করার জন্য সাময়িকভাবে তাদের SNAP বেনিফিট ব্যবহার করতে পারবেন।

"আইডার কারণে দেখা দেয়া বিদ্যুৎ বিভ্রাট ও ক্ষয়ক্ষতি নিউ ইয়র্কের হাজার হাজার পরিবারকে প্রভাবিত করা অব্যাহত রয়েছে, এবং এই ভয়াবহ ঝড় থেকে সেরে উঠার সময়ে পরিবারগুলো যাতে নিত্যদিনের খাবারের ব্যবস্থা করতে পারে তা আমাদের নিশ্চিত করা প্রয়োজন," **বলেছেন গভর্নর হোচুল।** "ফেডারেল সরকারের কাছ থেকে আসা এই সহায়তা একটি ধ্বংসাত্মক বিরূপ আবহাওয়া পরবর্তী সময়ে নিউ ইয়র্কবাসীদের খাবার ক্রয় করতে এবং তাদের পরিবারের খাওয়ার ব্যবস্থা করতে সাহায্য করবে। আমি ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও পরিবারসমূহকে প্রতিস্থাপন SNAP বেনিফিটের জন্য আবেদন করতে উৎসাহিত করছি যাতে এই কঠিন সময়ের মধ্য দিয়ে যাওয়ার সময় তাদের পুষ্টির চাহিদা পূরণের বিষয়টি নিশ্চিত করা যায়।"

1 সেপ্টেম্বর ঘূর্ণিঝড় আইডার অবশিষ্টাংশের কারণে হওয়া ভারী বর্ষণের দ্বারা সৃষ্ট হঠাৎ বন্যার ফলে সবেচেয়ে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হওয়া নিউ ইয়র্ক সিটির সব এলাকা এবং নাসাউ, সাফোক, ও ওয়েস্টচেস্টার কাউন্টির জন্য প্রতিস্থাপন SNAP বেনিফিট সীমিত থাকবে।

বন্যা, বিদ্যুৎ বিভ্রাট বা ঝড়ের কারণে হওয়া অন্যান্য ক্ষতির ফলে যেসব SNAP গ্রহীতার খাবার নষ্ট হয়ে গেছে তারা তাদের আগস্ট মাসের SNAP বেনিফিটের সমপরিমাণ পর্যন্ত প্রতিস্থাপন বেনিফিট নিতে পারবেন, যার মধ্যে SNAP গ্রহীতারা যাতে মহামারীর সময়ে অব্যাহতভাবে

সর্বোচ্চ মাসিক সুবিধা পান তা নিশ্চিতকারী একটি অতিরিক্ত সুবিধা SNAP জরুরি বরাদ্দও অন্তর্ভুক্ত রয়েছে।

অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেনিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance) এর কমিশনার মাইক হেইন বলেন, "উপযুক্ত পরিবারগুলোর কাছে SNAP প্রতিস্থাপন বেনিফিট যাতে সময়মতো পৌঁছে দেয়া যায় তা নিশ্চিত করতে আমরা স্থানীয় কর্মকর্তাদের সাথে নিবিড়ভাবে কাজ করবো। ঘূর্ণিঝড় আইডার দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া নিউ ইয়র্কবাসীরা যাতে ঝড়ের ক্ষতি কাটিয়ে উঠার প্রক্রিয়া শুরু করার সময় নিজেদের এবং তাদের পরিবারের খাবারের ব্যবস্থা করতে পারেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক সিটি, নাসাউ, সাফোক, ও ওয়েস্টচেস্টার কাউন্টির বাসিন্দাদের মধ্যে যারা নিজেদেরকে প্রতিস্থাপন SNAP বেনিফিট পাওয়ার যোগ্য বলে মনে করেন, তাদেরকে অবশ্যই 1 অক্টোবরের মধ্যে তাদের কাউন্টির সোশ্যাল সার্ভিস বিভাগের (department of social services) অফিসে অথবা নিউ ইয়র্ক সিটির SNAP সেন্টারে একটি পূরণকৃত ও স্বাক্ষরিত ফরম জমা দিতে হবে, যেটি [এখানে](#) পাওয়া যাবে। <https://otda.ny.gov/programs/applications/> ওয়েবসাইটে আরো কয়েকটি ভাষায় আবেদনপত্র পাওয়া যাচ্ছে।

এছাড়াও এসব কমিউনিটির SNAP গ্রহীতারা এখন 3 অক্টোবর পর্যন্ত তাদের SNAP বেনিফিট ব্যবহার করে গরম ও প্রস্তুতকৃত খাবার কিনতে পারবেন। চলমান বিদ্যুৎ বিভ্রাট এবং ঘরবাড়ির ক্ষয়ক্ষতির কারণে বহু বাসিন্দা আশ্রয়কেন্দ্রে অবস্থান করছেন অথবা অন্যান্য অস্থায়ী আবাসনের ব্যবস্থা করেছেন। অনেকেই খাবার সংরক্ষণ করতে পারছেন না এবং রান্নার সুযোগ পাচ্ছেন না। সাধারণভাবে SNAP গ্রহীতাদের জন্য তাদের বেনিফিট ব্যবহার করে গরম ও প্রস্তুতকৃত খাবার কেনা নিষিদ্ধ।

ঘূর্ণিঝড় আইডার দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া নিউ ইয়র্কবাসীরা কিভাবে তাদের মৌলিক চাহিদা পূরণ করতে পারবেন সে সম্পর্কিত তথ্যসহ, কিভাবে SNAP, সরকারি সহায়তা ও জরুরি সহায়তার জন্য আবেদন করতে হবে সে সংক্রান্ত তথ্য <https://www.governor.ny.gov/governors-relief-and-response-resources/meeting-basic-needs> ওয়েবসাইটে পাওয়া যাবে।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | একজিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)